সমকাল

তারিখ ·25· SEP· 2018 ... ...
পৃষ্ঠা ...৩... ... কলাম...১৮ ......

মাধ্যমিক পরীক্ষা

# সৃজনশীলে নম্বর বাড়ানোর প্রতিবাদে বিক্ষোভ

■ ময়মনসিংহ ব্যুরো

মাধ্যমিক পর্যায়ে প্রশ্নপত্রে সৃজনশীল অংশে নম্বর বৃদ্ধি এবং এমসিকিউতে নম্বর কমানোর প্রতিবাদে ময়মনসিংহে সড়ক অবরোধ করে বিক্ষোভ ও সমাবেশ করেছে শিক্ষার্থীরা। এতে ময়মনসিংহ জিলা স্কুলসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নেয়। শনিবার দুপুরে শহরের গাঙ্গিনারপাড় ট্রাফিক মোড় অবরোধ করে শিক্ষার্থীরা ময়মনসিংহে সফরে আসা শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে।

শিক্ষার্থীরা জানায়, এতদিন সৃজনশীল প্রশ্নে ৬০ নম্বর এবং এমসিকিউ-এ ৪০ নম্বর ছিল। হঠাৎ শিক্ষা মন্ত্রণালয় সৃজনশীল প্রশ্নে ৭০ এবং এমসিকিউতে ৩০ নম্বরের পরীক্ষা নেওয়ার জন্য পত্র দেয়। শিক্ষার্থীরা আগের নিয়মেই পরীক্ষা নেওয়ার জন্য মন্ত্রীর কাছে দাবি জানায়। এদিকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠানে ময়মনসিংহ বিভাগের চার জেলা নেত্রকোনা, শেরপুর, জামালপুর ও ময়মনসিংহ এবং কিশোরগঞ্জ ও টাঙ্গাইল জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানপ্রধানদের নিয়ে জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।